

জাতিসংঘ দিবস উপলক্ষে মহাসচিব কফি আনানের বাণী

- ২৪শে অক্টোবর ২০০২

সমগ্রবিশ্বের প্রিয় শুভানুধ্যায়ীগণ ,

জাতিসংঘ দিবস উপলক্ষে আপনাদের জানাই সর্বোত্তম শুভেচ্ছা এবং এবছর আমাদের নবতম দুই সদস্য রাষ্ট্র সুইজারল্যান্ড ও তিমুর লিস্ত -এর জনগণের জন্যে রইল বিশেষ অভিনন্দন ।

জাতিসংঘ এখন পূর্বাপেক্ষা অধিকতর সুস্পষ্টভাবে সমগ্র মানব পরিবারের প্রতিনিধিত্ব করে ।

এবং এই মানব পরিবার আজ যেভাবে জাতিসংঘের প্রয়োজন বোধ করছে , তেমনটি আর কখনও করেনি ।

আজ যেকোন জাতির খুব স্বল্প সংখ্যক জিনিসই রয়েছে, যা তারা পুরোপুরি নিজস্ব সম্পদের উপর নির্ভর করে নিয়ন্ত্রণ করতে পারে ।

এবং আমরা যদি একত্রে কাজ করি , তবে বিশ্বের জনগণ অর্জন করতে পারে এমন বহু জিনিসই রয়েছে ।

অতএব চলুন আমাদের জাতিসংঘকে আমরা লালন করি ।

এবং চলুন প্রতিটি মানুষকে আমরা এর সাফল্যের অংশীদার করি ।

কিভাবে আমরা এটা করতে পারি ? দুই বছর পূর্বে সহস্রাব্দ সম্মেলনে জাতিসংঘভুক্ত আমাদের সকল নেতৃবৃন্দ যে প্রতিশ্রুতি প্রদান করেছিলেন, সেই প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে কাজ করার মাধ্যমে ।

ঐ প্রতিশ্রুতিসমূহ দারিদ্র্য বিমোচন হতে শুরু করে এইডস-এর বিস্তার রোধ, নিরাপদ খাবার পানি সরবরাহ - এ সমস্ত মৌলিক মানবিক চাহিদার ভিত্তিতে প্রদান করা হয়েছিল । এই প্রতিশ্রুতিগুলোর জন্যে বেঁধে দেয়া হয়েছে একটি নির্দিষ্ট সময়সীমা - ২০১৫ সাল । আমরা এদেরকে বহিঃসহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য ।

দুঃখের সাথে বলতে হয় যে, আমরা সঠিক পথে চলছি না । আমরা যদি গত দশক অপেক্ষা পরবর্তী বারো বছরে অধিকতর ভালোভাবে কাজ করতে না পারি, তবে আমরা এই লক্ষ্যসমূহের অধিকাংশই অর্জন করতে সক্ষম হবো না ।

প্রতিটি দেশকেই সেই জন্যে ব্যাপকতর প্রচেষ্টা চালাতে হবে ।

এবং এটা তখনই ঘটবে যখন আপনারা, প্রতিটি দেশের জনগণ, এই মর্মে দৃঢ়তার সাথে বলবেন যে, যা করণীয় তা করা হোক ।

এটা আপনাদেরই জাতিসংঘ । দয়া করে এর মাধ্যমে সর্বোত্তম সুফল লাভের চেষ্টা করুন ।

** *** **